

ফাতওয়া নান্বার:৪৪১

প্রকাশকাল: ১৭-০১-২০২৪ ইং

চুরি করে খাওয়া জিনিসের দায় মুক্তির উপায়

প্রশ্ন:

একবার আমরা কয়েক বন্ধু মিলে চুরি করে একজনের গাছ থেকে কিছু লিচু খাই। অনেক দিন পর আমাদের একজন গাছের মালিককে বিষয়টি জানালে তিনি বলেন, তুমি যে আমার কাছে বলেছো এতেই আমি খুশি। পরে আমিও গাছের মালিককে বলি। তখন তিনি হাসির ছলে বলেন, লিচু প্রতি ৫০০ টাকা করে দিবে। এখন আমার প্রশ্ন হলো, তিনি যে বললেন, আমাকে বলেছো, এতেই আমি খুশি! এতে কি আমরা দায়মুক্ত হবো? পরে আমার কাছে যে প্রতি লিচুর দাম ৫০০ টাকা করে চাইলেন, এখন কি এই দামই তাকে দিতে হবে?

-আবদুল্লাহ

উত্তর:

আপনার বিবরণ থেকে বুঝা যাচ্ছে, তিনি আপনাদের ক্ষমা করে দিয়েছেন। যদি বাস্তবে তাই হয়, তাহলে এতটুকুই যথেষ্ট। তবে আপনারা যদি মনে করেন, তিনি আসলে ক্ষমা করেননি; বরং লিচুর মূল্য নিতে চাচ্ছেন, তাহলে প্রতি লিচুর মূল্য ৫০০ টাকা দিতে হবে না; ন্যায় মূল্য দিলেই হবে। -রাদ্দুল মুহতার: ৬/১৮৩ (দারুল ফিকর); মাজাল্লাতুল আহকামিল আদলিয়াহ, ধারা: ৮৯৩ পৃ: ১৭২ (কারখানায় তিজারতে কুতুব, করাচী)

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

২৩-০৫-১৪৪৫ হি.

০৮-১২-২০২৩ ঈ.